

GP রোগীর সমীক্ষা - কিছু প্রশ্ন ও উত্তর

আমরা এই সমীক্ষাটি কেন পরিচালনা করছি ?

GP সার্জারিগুলি বন্ধ থাকার সময়ে রোগীকে GP সার্জারি, পরিষেবাগুলির আরো ভালো অভিজ্ঞতা প্রদান করতে, এবং NHS ডেন্টাল পরিষেবাগুলিকে প্রাথমিক করে তুলতে NHS কাজ করছে। পরিষেবাগুলি কীভাবে প্রদান করলে সেগুলি আরো ভালোভাবে আপনার প্রয়োজন মেটাতে পারবে তাকে প্রভাবিত করার জন্য GP রোগীর সমীক্ষা এটি পরিমাপ করবে। আপনি www.gp-patient.co.uk দেখার মাধ্যমে, আপনার স্থানীয় প্র্যাক্টিসগুলির ফলাফল সহ সমীক্ষাটি থেকে প্রাপ্ত সকল ফলাফলগুলি দেখতে পারেন।

আমরা কি আপনার ব্যক্তিগত ফলাফলগুলি দেখতে সমর্থ হবো ?

না। অন্যান্য যারা সমীক্ষাটিতে অংশ নেন তাদের উত্তরের সাথে আপনার উত্তরগুলিকে যুক্ত করা হবো এইসকল ফলাফলগুলির সাথে নাম, ঠিকানা এবং NHS রোগীর নম্বরগুলিকে সংযোজিত করা হবেনা। এর অর্থ হল NHS England ব্যক্তিগত উত্তরগুলি সনাক্ত করতে সমর্থ হবেনা এবং আপনার উত্তরগুলি গোপনীয় থাকবে। প্রশ্নাবলীটি পূরণ করা স্বৈচ্ছামূলক তবে আমরা আশা করি যে আপনি অংশ নেবেন।

আমরা কীভাবে আপনার নাম ও ঠিকানা পেয়েছিলাম?

Ipsos MORI NHS England-এর পক্ষ থেকে আপনাকে এই প্রশ্নাবলীটি পাঠাচ্ছে। একটি GP-এর সাথে নিবন্ধিত NHS-এর রোগীদের তালিকা থেকে এলোপাথাডিভাবে আপনার নাম নির্বাচন করা হয়েছিল। Ipsos MORI আপনার যোগাযোগের বিবরণগুলি গোপনীয় রাখবে এবং শুধুমাত্র আপনাকে এই প্রশ্নাবলীটি পাঠানোর জন্য সেগুলিকে ব্যবহার করবে। একবার সমীক্ষাটি করা শেষ হলে Ipsos MORI আপনার ব্যক্তিগত যোগাযোগের বিবরণ নষ্ট করে দেবে। Ipsos MORI-কে আপনার স্বাস্থ্য সম্পর্কে কোনো তথ্য দেওয়া হয়নি। Ipsos MORI বহু বছর ধরে GP রোগীর সমীক্ষা পরিচালনা করছে এবং আমরা বলতে পারি যে Ipsos MORI সুরক্ষা নীতির কোনো লঙ্ঘন হয় নি।

সমীক্ষা নম্বরটি কিসের জন্য ব্যবহৃত হয় ?

সমীক্ষা নম্বরটি একটি পরিচালনা মূলক রেফারেন্স নম্বর, যা যে সকল ব্যক্তি উত্তর দেন নি শুধুমাত্র তাদের কাছে স্মরণ করানোর চিঠিগুলি পাঠানোর উদ্দেশ্যে কারা সমীক্ষাটির উত্তর দিয়েছেন তা সনাক্ত করার জন্য, এবং GP সার্জারিগুলির সাথে উত্তরগুলিকে যুক্ত করার জন্য Ipsos MORI দ্বারা ব্যবহৃত হয়। সমীক্ষার নম্বরটি আপনার NHS নম্বরের সাথে যুক্ত নয় এবং সকল উত্তরগুলি যাতে সম্পূর্ণরূপে পরিচয়হীন থাকে তা সুনিশ্চিত করার জন্য বিশ্লেষণের সময়ে সমীক্ষার উত্তরগুলি থেকে সরিয়ে দেওয়া হয়।

প্রশ্নাবলীটি বড় প্রিন্টে বা ব্রেইল-এ পূরণ করার জন্য, ফ্রীফোন-এ 0800 819 9137 নম্বরে ফোন করুন।